রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়, রাজশাহী
কেন্দ্রীয় হিসাব বিভাগ-১

প্রকা/কেহিবি-১/সার্কুলার লেটার নং-০২/২০১৬ তারিখঃ ০৩-০৪-২০১৬

বিষয়ঃ ২০১৫-২০১৬ অর্থবছর (২০১৬-২০১৭ কর বছর) এর কর্মকর্তা/কর্মচারীগণের বেতন/ভাতাদি আয়ের উপর আয়কর নিরূপণ ও কর্তন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগের পরিপত্র নং-০৩/২০১৬ তারিখঃ ১৬-০৩-২০১৬ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। জাতীয় বেতন স্কেল/২০১৫ বাস্তবায়িত হওয়ায় ২০১৪-২০১৫ অর্থবছরকে ভিত্তি ধরে এপ্রিল/২০১৬ হতে জুন/২০১৬ মাসের মধ্যে সকল করদাতা কর্মকর্তা/ কর্মচারীদের বেতন/ভাতাদি আয়ের উপর আয়কর আদায় করতে হবে। এখানে উল্লেখ্য যে, যেসকল কর্মকর্তা/ কর্মচারীর মূল বেতন নূন্যতম ২০,০০০/- তারাও করযোগ্য বলে বিবেচিত হবেন। শাখা, জোনাল কার্যালয়, জোনাল নিরীক্ষা কার্যালয়, বিভাগীয় কার্যালয়, বিভাগীয় নিরীক্ষা কার্যালয় হতে আদায়কৃত অর্থের সংকলিত বিবরণী এবং আয়কর বাবদ কর্তনকৃত টাকার ক্রেডিট এডভাইস জোনাল কার্যালয়ের মাধ্যমে এবং স্থানীয় মুখ্য কার্যালয় ও ঢাকা শাখা হতে আদায়কৃত অর্থের সংকলিত বিবরণী এবং আয়কর বাবদ কর্তনকৃত টাকার ক্রেডিট এডভাইস মাসিক ভিত্তিতে সরাসরি কেন্দ্রীয় হিসাব বিভাগ-১, প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। ইতোমধ্যে মার্চ/২০১৬ মাসে আয়কর বাবদ কর্তনকৃত অর্থ ২০১৫-২০১৬ অর্থবছরের জন্য মোট প্রদানযোগ্য করের সাথে সমন্বয় করতে হবে।

০৩। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ৩০ জুন, ২০১৫ খ্রিস্টাব্দ এর এস,আর,ও নং ১৯৮-আইন/আয়কর/২০১৫ মোতাবেক সরকারী কর্মকর্তা/কর্মচারীদের আয়করের পরিধি বিষয়ে নিম্নরূপ ব্যাখ্যা দেয়া হয়েছেঃ

"এস,আর,ও নং ১৯৮-আইন/আয়কর/২০১৫।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর Section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ২০ আষাঢ়, ১৪১৮ বঙ্গাব্দ মোতাবেক ৪ জুলাই, ২০১১ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ২২৮-আইন-আয়কর/২০১১ রহিতক্রমে, সরকারি কর্মকর্তা ও কর্মচারীদের সরকার কর্তৃক প্রদত্ত মূল বেতন (basic salary), উৎসবভাতা এবং বোনাস ব্যতীত সকল প্রকার ভাতা ও সুবিধাদিকে এতদ্বারা প্রদেয় আয়কর হইতে অব্যাহতি প্রদান করিল।"

০৪। ব্যক্তির ক্ষেত্রে মোট আয়ের উপর বর্তমানে প্রচলিত আয়করের হার নিম্নরুপ:

বার্ষিক মোট আয়	আয়করের হার
০১) প্রথম ২,৫০,০০০/-(দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা পর্যন্ত (পুরুষ করদাতা) এবং	শূন্য
০২) পরবর্তী ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা পর্যন্ত মোট আয়ের উপর	১০%
০৩) পরবর্তী ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা পর্যন্ত মোট আয়ের উপর	১৫%
০৪) পরবর্তী ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকা পর্যন্ত মোট আয়ের উপর	২০%
০৫) পরবর্তী ৩০,০০,০০০/- (ত্রিশ লক্ষ) টাকা পর্যন্ত মোট আয়ের উপর	২৫%
০৬) অবশিষ্ট মোট আয়ের উপর	৩০%

মহিলা করদাতা এবং ৬৫ বৎসর বা তদুর্ধ্ব বয়সের করদাতার করমুক্ত আয়ের সীমা হইবে ৩,০০,০০০/- টাকা; প্রতিবন্ধী করদাতার করমুক্ত আয়ের সীমা হইবে ৩,৭৫,০০০/- টাকা এবং গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা করদাতার করমুক্ত আয়ের সীমা হইবে ৪,২৫,০০০/- টাকা;

মোট আয়ের ৩০% এর ১৫% কর রেয়াত বিবেচনায় নিয়ে নিট কর নির্ধারন করতে হবে।

ন্যূনতম কর হারের পরিমাণঃ

এলাকার বিবরণ	ন্যূনতম করের হার (টাকা)
ঢাকা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত করদাতা	৫,০০০/-
অন্যান্য সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত করদাতা	৪,০০০/-
সিটি কর্পোরেশন ব্যতীত অন্যান্য এলাকায় অবস্থিত করদাতা	৩,০০০/-

চলমান পাতা -০২

০৫। সকল শাখা, জোনাল কার্যালয়, জোনাল নিরীক্ষা কার্যালয়, বিভাগীয় কার্যালয়, বিভাগীয় নিরীক্ষা কার্যালয় ও প্রধান কার্যালয়ের বেতন প্রদানকারী কর্তৃপক্ষ কর প্রদানযোগ্য কর্মকর্তা/কর্মচারীর বেতন আয়ের উপর প্রদেয় আয়কর সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বেতন হতে বাধ্যতামূলকভাবে কর্তন নিশ্চিত করবেন। আয়কর কর্তনের ক্ষেত্রে কোন প্রকার অজুহাত গ্রহণযোগ্য হবে না। এর ব্যত্যয় হলে বেতন প্রদানকারী কর্তৃপক্ষ ও সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

০৬। ২০১৬-২০১৭ অর্থবছরের বাজেট ঘোষণায় আয়কর সংক্রান্ত কোন পরিবর্তন/পরিবর্ধন হলে সে মোতাবেক পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে। উপরে বর্ণিত নির্দেশাবলী যথাযথভাবে পালনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

০৭। আয়কর প্রদান বিষয়ে নতুন কোন তথ্য জানার প্রয়োজন হলে স্থানীয় আয়কর অফিস অথবা কেহিবি-১ এর সাথে সরাসরি যোগাযোগ করার পরামর্শ দেয়া হলো।

ইহা ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নির্দেশক্রমে জারী করা হলো।

(মোঃ ইউনুছ আলী)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ০৭২১-৮৬২৪৬৪।

তারিখঃ ০৩-০৪-২০১৬

স্মারক নং- প্রকা/কেহিবি-১/৩০(১৪)/২০১৫-২০১৬/৮৭৮৬ (৪৮০)
সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
৫। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক/সকল বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৬। উপ-মহাব্যবস্থাপক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/ রংপুর।
৭। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা শাখা, ঢাকা/ এল.পি.ও, রাজশাহী।
৮। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক। জোনভুক্ত সকল শাখায় পত্রের কপি সরবরাহপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৯। পরিচালক, এসইসিপি, রাকাব, রাজশাহী।
১০। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
১১। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১২। মেসার্স মসিহ্ মুহিত হক এন্ড কোং, আয়কর উপদেষ্টা, ইউটিসি বিল্ডিং, লেভেল-১৩, ৮ পান্থপথ, ঢাকা।
১৩। অফিস নথি/ মহানথি।

(মোঃ মিজানুর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক
ফোন/ ফ্যাক্স ঃ ০৭২১-৮৬২৪৫১।